

সংসদে প্রশ্নোত্তর  
দেশে নিরক্ষরতার হার  
৬৭.৬ শতাংশ  
(সংসদ. বার্তা পরিবেশক)  
দেশে নিরক্ষরতার হার ৬৭ দশমিক ৬  
শতাংশ। পুরুষদের মধ্যে নিরক্ষরতার হার  
৬১ দশমিক ১ এবং মহিলাদের মধ্যে ৭৪  
দশমিক ৫ শতাংশ।  
আওয়ামী লীগের খান টিপু সুলতানের  
এক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী ব্যারিস্টার  
জমির উদ্দিন সরকার গতকাল মঙ্গলবার  
সংসদকে এ কথা জানান। এক সম্পূর্ণ  
প্রশ্নের জবাবে মন্ত্রী বলেন, নিরক্ষরতা দূর  
করার লক্ষ্যে বাংলাদেশ, ভারত,  
নিরক্ষরতা : পৃঃ ৮ কঃ ২

02

নিরক্ষরতা : সংসদে  
প্রশ্নোত্তর  
(১ম পৃষ্ঠার পর)  
পাকিস্তান, ইন্দোনেশিয়া, মেক্সিকো,  
ব্রাজিল, মিসর এবং নাইজেরিয়া এই দেশ-  
গুলোর মধ্যে চুক্তি হয়েছে। এ চুক্তি  
বাস্তবায়িত হলে ২ হাজার সাল নাগাদ দেশ  
থেকে নিরক্ষরতা দূর হবে বলে আশা করা  
যায়।